



গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-ওএম/৪২/সি-২/০৬- ৬৬৬

তারিখ : ০৮/০৫/২০২০ খ্রি.।

বিষয় : জনাব ফাহিমা আক্তার (২৭২০২) প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) এর লিয়েন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তা, জনাব ফাহিমা আক্তার (২৭২০২) প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)-কে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/১১/২০১৯ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৯.১৭-১৭২৩ সংখ্যক স্মারকমূলে ০১/১১/২০১৯ খ্রি. থেকে ৩০/১০/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) বছর লিয়েন মঞ্জুর করা হয়। কিন্তু বর্ণিত কর্মকর্তা লিয়েনের সময় শেষ হওয়ার পরেও দেশে ফিরে কর্মস্থলে যোগদান করেননি। এ অবস্থায় তিনি গত ০৭/০২/২০২২ খ্রি. তারিখে প্রেরিত পত্রে ০১/১১/২০২১ খ্রি. তারিখ থেকে ০১ (এক) বছর লিয়েন বর্ধিতকরণের জন্য আবেদন করেছেন। কিন্তু তাঁর আবেদনটি যথাযথভাবে বিধি মোতাবেক প্রেরণ করেননি। এ অবস্থায় “জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক বিধিমালা-২০২১ এর অনুচ্ছেদ ১৩ (৩) উপ-বিধি (২) এর অধীন লিয়েন শেষে নির্ধারিত সময়ের মধ্যে যোগদান না করিলে সংশ্লিষ্ট সরকারি কর্মচারীর বিরুদ্ধে অননুমোদিত অনুপস্থিতির জন্য সরকার বিভাগীয় মামলা দায়েরসহ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং অনুচ্ছেদ (৭) মোতাবেক কোন সরকারি কর্মচারী এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে তাহার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ সহ বিদ্যমান অন্যান্য বিধি বিধানের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে”।

এমতাবস্থায়, জনাব ফাহিমা আক্তার (২৭২০২) প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)-এর লিয়েনের সময়কাল ০১/১১/২০১৯ খ্রি. থেকে ৩০/১০/২০২১ খ্রি. তারিখ ০২ (দুই) বছর শেষ হওয়ায় বাংলাদেশে ফিরে কর্মস্থলে যোগদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Faria
28.04.2022

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন : ৯৫৬০২৬৩

জনাব ফাহিমা আক্তার (২৭২০২)
প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে লিয়েনে কর্মরত)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ;
- ৩। বাংলাদেশ হাই কমিশনার যুক্তরাষ্ট্র নিউইয়র্ক ;
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ;
- ৫। সংরক্ষণ নথি।